দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনাসভা

“সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায় ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় ৫৪ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে সমবায় অফিসের সামনে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির সূচনা শুরু হয়। পরবর্তীতে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমবায় অফিসার হারুন-অর-রশীদের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান,উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, প্রাণী সম্পদ কর্মকর্তা লীলিমা আক্তার হ্যাপী, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা ইউসিসিএ চেয়ারম্যান মহসীন আলী শাহ পিন্টু, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউপির (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলা শিক্ষক কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান প্রভাষক গিয়াস উদ্দিনসহ উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক ও উদ্যোক্তাবৃন্দ।

আলোচনা সভায় বক্তারা সমবায় সমিতির তাৎপর্য তুলে ধরে বক্তব্য দেখতে গিয়ে বলেন “দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ!” শিল্প বিপ্লবের সময় যখন কৃষি ব্যবস্থায় ধ্বস নেমেছিল তখন থেকেই সমবায়ের ধারণা শুরু হয়। সমবায়ের মাধ্যমে বিশ্বব্যাপী যুগে যুগে মানুষ আর্থিক মুক্তি লাভ করে নিজেকে প্রতিষ্টিত করেছে। সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে আর্থিক ও সামাজিক মুক্তি লাভের জন্য যেকোনো কাজের উদ্যোগ নিয়ে সংগঠন গঠন করে স্বচ্ছ ভাবে পরিচালনা করলে সফলতা মিলবে।

এবার উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতিদের মাঝে বিভিন্ন ক্যাটাগরিতে

পুরস্কার ও ক্রেস্ট প্রদান করা হয়।বিশেষ ও অন্যান্য শ্রেনী ক্যাটাগরিতে ভরশা বহুমুখী সমবায় সমিতি লিঃ, ব্যবসায় ক্যাটাগরিতে একতা হেয়ার প্রসেসিং ব্যবসায়ি সমবায় সমিতি লিঃ, সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় ক্যাটাগরীত হরিরামপুর সেবা ও ঋণদান সমবায় সমিতি লিঃ, উৎপাদনমূখী সমবায় ক্যাটাগরীতে দলকা মরাগাংনী মৎসজীবী সমবায় সমিতি লিঃ পুরস্কার ও ক্রেস্ট লাভ করে।

মেহেরপুরে জাতীয় সমবায় দিবস ২০২৪ পালিত

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় সমবায় দিবস ২০২৪ পালিত পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসন ও জেলা সমবায় কার্যালয় আয়োজিত আলোচনা সভা আজ শনিবার (২ নভেম্বর) সকাল ১১ টার দিকে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে আয়োজন করা হয়।

এর আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র প্রাঙ্গনে এসে শেষ হয়।

জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) গাজী মূয়ীদুর রহমান, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উপ-পরিচালক এ জে এম সিরাজুল মূনীর।

এছাড়াও এসময় জেলা সমবায় কার্যালয়ের উপ-সহকারী নিবন্ধক মোঃ

এনামুল হক, জেলা সমবায় দপ্তরের পরিদর্শক মোঃ নুরুজ্জামান, প্রশিক্ষক নুরুজ্জামান, তাঁত বিশেষজ্ঞ মাসুদ রানা, সহকারী পরিদর্শক মোঃ সাইফুল রহমান, জাহিদ হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে মেহেরপুর কর্তৃক শ্রেষ্ঠ সমবায় সমিতিকে পুরষ্কার বিতরণ করা হয়। এর মধ্যে ১ তম পুরষ্কার মোঃ আসলাম হোসেন, ২য় পুরষ্কার মোছাঃ আঞ্জুয়ারা খাতুন, ৩য় পুরষ্কার মোঃ মনিরুজ্জামান অর্জন করেন।

আলোচনার আগে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র প্রাঙ্গনে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ এবং জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালা।

চুয়াডাঙ্গায় ৫২ তম জাতীয় সমবায় দিবস পালন

সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ, এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় ৫২ তম জাতীয় সমবায় দিবস-২০২৩ পালন করা হয়েছে।

গতকাল শনিবার বেলা ১২ টায় চুয়াডাঙ্গা সমবায় ব্যাংক চত্বরে এই দিবস উপলক্ষে আলোচনা সভা ও চেক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা। সভাটি আয়োজন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও সমবায় বিভাগ।

সমবায় দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি করা হয়। এরপর শুরু হয় সমবায় দিবস উপলক্ষে আলোচনা সভা। এসময় সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা সমবায় অফিসার কাজি বাবুল হোসেন। এরপর সমবায় দিবস উপলক্ষে উপস্থিতিদের সাথে এক আলোচনা করা হয়। আলোচনায় সমবায়ের কার্যক্রম ও সমবায় অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

এসময় সভায় উপস্থিত বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর হাত শক্তিশালি করলে সমবায় আরও শক্তিশালি হবে। বর্তমান মানুষের আস্থা এখন সমবায়।

যেখানে গচ্ছিত করে টাকা রেখে স্বাবলম্বী হওয়া যায়। আজকের সমবায় আগামী দিনের ভবিষ্যৎত। ডিজিটাল বাংলাদেশ গড়তে সমবায়ের বিকল্প নেই। সমবায় গণমানুষের অর্থনেতিক দিক উন্নয়ন করছে। সমবায় এগিয়ে নিতে হলে সবাইকে পাশে থাকতে হবে। সবাই একজট হয়ে সমবায় কে এগিয়ে নিয়ে যায়। সমবায় একটি গুরুত্বপূর্ণ দিক। সমবায় মানুষের গুরুত্বপুর্ণ ভুমিকা রাখে। বিশেষ করে প্রান্তিক মানুষের একটি অংশ সমবায় ব্যাংক। বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়ন হচ্ছে সমবায়ের জন্য।

সভার শেষ পর্বে সফল সমবায় সমিতির কয়েকজনের মাঝে পুরস্কার বিতরণ করা হয় ও আশ্রয়ণ প্রক্লপের বাসিন্দার মধ্যে কয়েকজনের মাঝে সমবায়ের উদ্দ্যোগে চেক বিতরণ করা হয়।

সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা শামিম ভুইয়া, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহাফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা সংরক্ষিত মহিলা আসনের সাবেক সংসদ সদস্য শিরিন নাইম পুনম, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাসুদুর রহমান, সংরক্ষিত মহিলা ভাইস চেয়ারম্যান শাহাজাদী মিলি, প্রমুখ।

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে জাতীয় সমবায় দিবস পালিত

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে ৫২ তম সমবায় দিবস পালিত হয়েছে। “সমবায়ে গড়ছি দেশ, স্মাট হবে বাংলাদেশ” এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় অধিদপ্তরের আয়োজনে এ দিবসটি পালিত হয়।

এ উপলক্ষে গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের পর উপজেলা চত্বর থেকে জাতীয় সমবায় দিবসের একটি র্যালি বের হয়ে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভায় অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান

আইয়ুব হোসেন।

প্রধান অতিথি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চেয়েছিল সমবায়ের মাধ্যমে প্রতিটি কাজ সুসম্পন্ন্ করতে। দশের লাঠি একের বোঝা। তাই কোন কাজ একা না করে সম্মিলিত ভাবে করলে সেটার একটা যথাযথ ফলাফল পাওয়া যায়। কোন কাজকে ছোট করে দেখা যাবে না। সমবায়ের মাধ্যমে শক্তিবৃদ্ধি পায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমাল আহমেদ ডন, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, ইন্সটেক্টর জামাল হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় কর্মকর্তা সাহারুল ইসলাম। আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজমের পরিচালনায় বক্তব্য রাখেন সরকারি কলেজের সহকারি অধ্যাপক ডক্টর মাহবুবুবুর রহমান, বিশিষ্ট সমাজকর্মি গোলাম সরোয়ার শামীম, সিরাজুল ইসলাম, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার মনজুরুল ইসলাম বেলু, হাফেজ মাসুদ কামাল, অর্পিতা পাল, পানি উন্নয়ন সমবায় সমিতির সভাপতি এনামুল হক, শিক্ষক বিপ্লব হোসেন প্রমুখ।

গাংনীতে ৫২ তম জাতীয় সমবায় দিবস পালিত

সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” এ প্রতিপাদে মেহেরপুর গাংনীতে ৫২ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা ও শ্রেষ্ঠ সমবায়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে

আজ শনিবার (৪ নভেম্বর) সকাল ১০টায় উপজেলা পরিষদ সভা কক্ষে আলোচনা সভার আয়োজন করে উপজেলা সমবায় অফিস ও উপজেলা প্রশাসন।

জাতীয় সমবায় দিবস সরকার ঘোষিত একটি জাতীয় দিবস। সমবায় সম্পর্কে জনগণকে সচেতন করা এবং সমবায় আন্দোলনে গতিশীলতা আনতে প্রতিবছর নভেম্বর মাসের প্রথম শনিবার দিবসটি দেশব্যাপী উদযাপন করা হয়। এরই

ধারাবাহিকতায় গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু এর সঞ্চালনায় বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা মৎস্য কর্মকর্তা খন্দকার সাহিদুর রহমান, উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কোষাধ্যক্ষ প্রভাষক নাসির উদ্দিন, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার ও বীর মুক্তিযোদ্ধা মুনতাজ আলী, জেলা জাতীয় পার্টির সভাপতি (জেপি) আব্দুল হালিম, বিশিষ্ট আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর প্রাক্তন সভাপতি আবুল কাশেম, দুর্লভপুর সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিমিটেড এর সভাপতি মশিউর রহমান পলাশ প্রমুখ।

জাতীয় সমবায় দিবস উপলক্ষে শ্রেষ্ঠ ক্যাটাগরিতে ৩টি সমবায় সমিতিতে পুরস্কার প্রদান করা হয়েছে। সমবায় সমিতি গুলো হল- চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, নাগদার খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ ও কুমারীডাঙ্গা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ। সফল সমবায় সমিতি ক্যাটাগরিতে গাংনী উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডকে পুরস্কার প্রদান করা হয়েছে।

এ সময় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন সমবায় সমিতির প্রায় ২ শত নারী ও পুরুষ সদস্যরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন

দামুড়হুদায় ৫২তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়েছে। “সমবায় গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ

শনিবার সকাল ১১ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে পরিষদ চত্বরে দিবস টি অনুষ্ঠিত হয়। দিবস টি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ উপজেলার সমবায় সমিতির বিভিন্ন ইউনিটির সভাপতি ও সাধারণ সম্পাদক ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ, সুধী সমাজের বিভিন্ন ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন সমবায় কর্মকর্তা হারুন আর রশিদ।

মেহেরপুরে জাতীয় সমবায় দিবস পালিত

“সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে ৫২ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও র্যালীর আয়োজন করা হয়।

শনিবার (৪ নভেম্বর) বেলা সাড়ে বারোটার দিকে জেলা প্রশাসন ও জেলা সমবায় কার্যালয়ের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়‌।

মেহেরপুর জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী



ফরহাদ হোসেন।
প্রোগ্রাম ম্যানেজার মোঃ রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় এসময়
জেলা সমবায় কর্মকর্তা
প্রভাষ চন্দ্র বালা,বীর
মুক্তিযোদ্ধা আব্দুল
হালিম,জেলা আওয়ামী
লীগের সাধারণ সম্পাদক
এমএ খালেক,যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহিন প্রমুখ উপস্থিত ছিলেন।

আলোচনা সভার আগে একটা র্যালী বের করা হয়। র্যালী জেলা প্রশাসন কার্যালয় চত্বর থেকে শুরু করে জেলা শিল্পকলা একাডেমীতে এসে শেষ হয়।
পরে সেখানে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

মেহেরপুর আমঝুপিতে জাতীয় সমবায় দিবস উদযাপন

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” প্রতিপাদ্য বিষয়ের উপর জাতীয় সমবায় দিবস ২০২২ইং উদযাপন উপলক্ষে আমঝুপি মউক হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক সোমবার সকাল ১০ টার দিকে এ সভার আয়োজন করে।

মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) নীলা হাফিয়া। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সমাজসেবা অফিসার মোঃ আনিছুর রহমান।

স্বাগত বক্তব্য রাখেন প্রকল্পের এ্যানিমেটর সাহিনুর রহমান সভায় সমবায় গঠন এর লক্ষ উদ্দেশ্য আদর্শ ফলাফল প্রান্তিক জনগোষ্ঠীর সমবায়ের সুযোগ সুবিধাসহ সরকারী সেবা বিভাগের সাথে সেবা গ্রহিতাদের সেতুবন্ধ নিয়ে বিশাদ আলোচনা করা হয়।

এসময় এলাকার বিভিন্ন সমবায় দলের প্রতিনিধি গণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাদ আহম্মেদ মানবাধিকার কর্মী।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন প্রতিপাদ্য বিষয় কে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা করা হয়েছে।

শনিবার উপজেলা প্রসাশন ও সমবায় বিভাগের আয়োজনে র্যালি,আলোচনা সভা,সম্মনা স্বারক প্রদান করা হয়েছে।

দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ১০টার দিকে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় ও সমবায় পতাকা উত্তেলন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার। এরপর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে উপজেলা চৌরাস্তার মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন,উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বিশেষ অতিথী ছিলেন,উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সহিদুল ইসলাম ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ। এছাড়াও বক্তব্য রাখেন দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক হযরত আলি,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, উপজেলা কৃষক সংগঠনের সভাপতি দামুড়হুদা সদর ইউপির সদস্য সামসুল ইসলাম।

সমবায়ী দের মধ্যে বক্তব্য রাখেন,আলি আজগার সোনা,উপজেলা চুল প্রসেসিং সমিতির সভাপতি হাসিবুজ্জামান সহিদসহ অন্যরা।আলোচনা সভা শেষে উপজেলা পর্যায়ে ৫টি ক্যাটাগরিতে ক্রেস্ট ৫টি সমবায় সমিতির সম্মাননা স্বারক প্রদান করা হয়। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ।

গাংনীতে ৫১তম জাতীয় সমবায় দিবস পালিত

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এই প্রতিপাদ্যে গাংনী উপজেলায় পালিত হয়েছে ৫১তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি পালন উপলক্ষ্যে আজ শনিবার সকালে একটি বর্ণাঢ্য র্যালি গাংনী উপজেলা পরিষদ চত্ত্বর থেকে বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে সমবায়ী আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমবায় অফিসার মোঃ মাহাবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথী ছিলেন গাংনী উপজেলা ইটভাটা মালিক সমিতির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আতু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার প্রমুখ।

গাংনী উপজেলা পরিষদ ও সমবায় অফিস আয়োজিত এ অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, উপজেলার বিভিন্ন সমবায়ী প্রধান ও সদস্য এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকগন উপস্থিত ছিলেন।